দৈনিক জনকণ্ঠ ৩

তারিখ JUN. 15 1999
পৃষ্ঠা 2 কলাম ৪

# বৃহস্পতিবার এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

জনকণ্ঠ রিপোর্ট ॥ আগামী ১৭ জুন বৃহস্পতিবার ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে। বিভিন্ন বোর্ড সূত্রে জানা গেছে, ইতোমধ্যে ফল প্রকাশের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এই রিপোর্ট লেখার সময় বিভিন্ন বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকগণ ফলাফলের কপি নিয়ে যাওয়ার জন্য কম্পিউটার কেন্দ্রে রয়েছেন।

*(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)*

## বৃহস্পতিবার এসএসসি

*(প্রথম পাতার পর)*

বৃহস্পতিবার বিকালের মধ্যে সকল স্কুলে ফলাফল শীট পাঠিয়ে দেয়া হবে। এ দিন বিকালে আনুষ্ঠানিকভাবে ফলাফল প্রকাশ করা হবে। দেশের সর্ববৃহৎ এ পাবলিক পরীক্ষার ফলাফল জানার জন্য পরীক্ষার্থী এবং অভিভাবকগণ গভীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন। প্রতিদিন অসংখ্য অভিভাবক সংবাদপত্র অফিসে খোঁজ নিচ্ছেন, কবে ফল বের হবে। ফল প্রকাশ নিয়ে ঢাকা বোর্ডের একজন উর্ধতন কর্মকর্তা বলেন, আমাদের সিদ্ধান্ত হচ্ছে আগামী বৃহস্পতিবার ফল প্রকাশের। তবে চূড়ান্ত সিদ্ধান্ত দিবে শিক্ষা মন্ত্রণালয়। আশা করি ১৭ জুন বৃহস্পতিবারই ফলাফল প্রকাশ করতে পারব।

১৯৯৮ সালে প্রশ্নপত্র ফাঁস, বিভিন্ন কেন্দ্রে গোলযোগসহ নানা অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে এ বছর কঠোর নিরাপত্তার মধ্যে পরীক্ষা অনুষ্ঠানের সার্বিক প্রস্তাব নেয়া হয়। কিন্তু সকল প্রচেষ্টাই ব্যর্থ হয়। নজিরবিহীন নকলের মধ্য দিয়ে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। চলতি বছর এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮ লাখ ৪৩ হাজার ৯১৪ জন। এর মধ্যে ঢাকা বোর্ডে ২ লাখ ৩৫ হাজার ৩৮১, রাজশাহী বোর্ডে ২ লাখ ৪৪ হাজার ২৮১, যশোর বোর্ডে ১ লাখ ৫২ হাজার ৩৯০, কুমিল্লা বোর্ডে ১ লাখ ৪২ হাজার ৪৮৮ এবং চট্টগ্রাম বোর্ডে ৬৯ হাজার ৩৬৯ জন, পরীক্ষার্থী রয়েছে। পূর্ববর্তী দু'বছর পাঁচটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে হলেও চলতি বছর ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। কারণ '৯৮ সালে চট্টগ্রামের মীরসরাইয়ে এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হলে তা সারা দেশে ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দেয়। এতে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ, উৎকণ্ঠা ছড়িয়ে পড়ে। এ কারণে শিক্ষা মন্ত্রণালয় চলতি বছর থেকে আবার পাঁচটি বোর্ডে ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়। এ বছর সর্বাপেক্ষা কম সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৪ মার্চ থেকে ২৩ মার্চ পরীক্ষা চলে। অর্থাৎ মাত্র ২০ দিনের মধ্যে পরীক্ষা অনুষ্ঠান সম্পন্ন করা হয়। একইভাবে অপেক্ষাকৃত কম সময়ে পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে।